দৈনিক সংবাদ

তারিখ 05 NOV 1992
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫ ...

26

## শিক্ষার ব্যয়বৃদ্ধি প্রসঙ্গে

গত ১৭ই কার্তিক আপনাদের পত্রিকায় 'বিশ্ববিদ্যালয়ের অর্থসংকট ও বিশ্বব্যাংকের সুপারিশ' শিরোনামে প্রকাশিত সম্পাদকীয়টি অত্যন্ত সময়োচিত হয়েছে। মুদ্রাস্ফীতির কারণে দ্রব্যমূল্য বৃদ্ধি পেয়েছে এবং এ প্রেক্ষিতে টিউশন ফিস, হোস্টেল চার্জ ইত্যাদি বাড়ানোর হয়তো একটা যুক্তি আছে। তবে শিক্ষার মতো সামাজিক ক্ষেত্রে এমন ব্যয়বৃদ্ধির জন্য অগ্রপশ্চাৎ বিবেচনার দরকার।

উপরন্তু ৩টা কথা আছে। শিক্ষার ব্যয় বৃদ্ধির আগে (১) বিশ্ববিদ্যালয়সমূহকে সন্ত্রাসমুক্ত করতে হবে। (২) শিক্ষার মান বাড়াতে হবে। (৩) বিশ্ববিদ্যালয়সমূহকে সম্পূর্ণভাবে সেশনজটমুক্ত করতে হবে। এটা সবচেয়ে গুরুত্বপূর্ণ। যদি সেশনজট থেকে মুক্তি না পাওয়া যায় তবে প্রতিবছর মাথাপিছু ছাত্রদের পারিবারিক বাজেটের বাইরে ১০/১২ হাজার টাকা অতিরিক্ত ব্যয় করতে হয়। ৩ বছর সেশনজট হলে গড়পড়তায় ৪০ হাজার টাকা অতিরিক্ত ব্যয় হয়।

বিশ্বব্যাংক বা যে যাই বলুক এ ক্ষেত্রে তাদের পরামর্শ নেয়ার দরকার হয় না।

সৈয়দ আলী কবীর।